গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

**বিষয় ঃ ২০১০-১১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদন**

**ভূমিকা ঃ**

দেশের সামষ্টিক অর্থনীতির স্থিতিশীলতা বজায় রাখা, দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, অবকাঠামো, যোগাযোগ ব্যবস্থা, মানব সম্পদের সুষ্ঠু উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সরকারি খাতে প্রয়োজনীয় বিনিয়োগ কর্মকাণ্ড পরিচালনার জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা হয়। পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) সরকারের কেন্দ্রীয় পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিষ্ঠান হিসেবে নিয়মিতভাবে এডিপিভুক্ত প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও বাস্তবায়নের সমস্যাসমূহ চিহ্নিত করে সুপারিশসহ প্রতিবেদন প্রণয়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) সভার জন্য আইএমইডি কর্তৃক ২০১০-১১ অর্থবছরের এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

২। **২০১০-১১ অর্থবছরের এডিপি বরাদ্দ ঃ**

২০১০-১১ অর্থবছরের মূল এডিপিতে অন্তর্ভুক্ত ৯১৬টি প্রকল্পের জন্য মোট বরাদ্দ ছিল ৩৮,৫০০ কোটি টাকা। সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত ১১৮৫টি প্রকল্পের জন্য মোট বরাদ্দ ছিল ৩৫১৩০ কোটি টাকা। পরবর্তীতে বরাদ্দ উপযোজনের ফলে সংশোধিত এডিপিতে মূল প্রকল্প সংখ্যা ২৭৭টি (৩০%) বৃদ্ধি পেয়ে ১১৯৩*টিতে উন্নীত হয় এবং মোট বরাদ্দ ২,৬২০ কোটি টাকা (৭%) হ্রাস পেয়ে ৩৫,৮৮০ কোটিতে দাঁড়ায়। মূল এডিপিতে স্থানীয় মুদ্রার পরিমাণ ছিল ২৩,২০০ কোটি টাকা (মোট বরাদ্দের ৬০%) এবং প্রকল্প সাহায্যের পরিমাণ ছিল ১৫,৩০০ কোটি টাকা (মোট বরাদ্দের ৪০%)। সংশোধিত এডিপিতে স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্য বরাদ্দ যথাক্রমে ৩% বৃদ্ধি ও ২২% হ্রাস পেয়ে ২৩,৯৫০ কোটি টাকা (সংশোধিত মোট বরাদ্দের ৬৭%) এবং ১১,৯৩০ কোটি টাকায় (সংশোধিত মোট বরাদ্দের ৩৩%) দাঁড়ায়। নিম্নে সারণী-১ এ মূল এডিপি ও সংশোধিত এডিপি বরাদ্দের তুলনামূলক চিত্র দেয়া হলো ঃ

**সারণী-১ ঃ ২০১০-১১ অর্থবছরে মূল ও সংশোধিত এডিপি'র প্রকল্প সংখ্যা ও বরাদ্দের তুলনামূলক চিত্র**

(কোটি টাকায়)

| এডিপি | মোট প্রকল্প সংখ্যা | বরাদ্দ | | |
|---|---|---|---|---|
| | | মোট | স্থানীয় মুদ্রা (মোট বরাদ্দের %) | প্রকল্প সাহায্য (মোট বরাদ্দের %) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| মূল এডিপি | ৯১৬ | ৩৮,৫০০ | ২৩,২০০ (৬০%) | ১৫,৩০০ (৪০%) |
| সংশোধিত এডিপি | ১১৯৩* | ৩৫,৮৮০ | ২৩,৯৫০ (৬৭%) | ১১,৯৩০ (৩৩%) |
| হ্রাস/বৃদ্ধি (-/+) | (+) ২৭৭ | (-) ২৬২০ | (+) ৭৫০ | (-) ৩৩৭০ |
| মূল এডিপির % | (+) ৩০% | (-) ৭% | (+) ৩% | (-) ২২% |


* ২০১০-১১ অর্থ বছরের সংশোধিত এডিপিতে ১১৮৫টি মূল প্রকল্প ছিল। পরবর্তীতে বরাদ্দ পুনঃ উপযোজন করার ফলে ৮টি প্রকল্প অন্তর্ভুক্ত হয়ে মূল প্রকল্প সংখ্যা ১১৯৩ হয়েছে। এ ছাড়াও, ৮৯টি উপ-প্রকল্প এবং উন্নয়ন সহায়তার (থোক বরাদ্দ) ১০টি ক্ষেত্রসহ প্রকল্প সংখ্যা দাঁড়িয়েছে সর্বমোট ১২৯২টি।

৩। <u>গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপিতে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের অবদান</u> ঃ

উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য দু'টি উৎস হতে অর্থের যোগান দেয়া হয়ে থাকে - (১) অভ্যন্তরীণ সম্পদ ও (২) বৈদেশিক সম্পদ। বৈদেশিক সম্পদের মধ্যে ঋণ এবং অনুদান হিসেবে প্রাপ্ত প্রকল্প সাহায্যসহ অন্যান্য সহায়তা যেমন, পণ্য সহায়তা, খাদ্য সহায়তা, বাজেট সাপোর্ট, বিশেষ উন্নয়ন সহায়তা/ঋণ, পলিসি ঋণ ইত্যাদি অন্তর্ভুক্ত। গত পাঁচ বছরের সংশোধিত এডিপিতে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের অবদান নিম্নে 'বার চার্টে' দেখানো হলো ।

**লেখচিত্র-১ ঃ** <u>গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপিতে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের তুলনামূলক অবদান</u>

(কোটি টাকায়)




সূত্র ঃ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

উপর্যুক্ত চিত্র থেকে পরিলক্ষিত হয় যে, ২০০৬-০৭ অর্থবছরে বৈদেশিক সহায়তা ৪৭% ছিল। অপরপক্ষে, ২০০৭-০৮, ২০০৮-০৯ ও ২০০৯-১০ অর্থবছরে বৈদেশিক সহায়তা পুনরায় বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৬৫%, ৫৬% ও ৫৮% এ উন্নীত হয়। কিন্তু ২০১০-১১ অর্থবছরে বৈদেশিক সহায়তার ওপর নির্ভরশীলতা ১৪% হ্রাস পেয়েছে।

৪। <u>আর্থিক অগ্রগতি</u> ঃ

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ হতে প্রাপ্ত ব্যয়ের তথ্যানুযায়ী দেখা যায় যে, প্রতিবেদনাধীন অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত মোট ৩৫,৮৮০.০০ কোটি টাকার মধ্যে ব্যয় হয়েছে মোট ৩২,৮৫৪.৫১ কোটি টাকা, যা মোট সংশোধিত বরাদ্দের ৯২% (জাতীয় গড় আর্থিক অগ্রগতি)। এর মধ্যে স্থানীয় মুদ্রা ব্যয় হয়েছে ২৩,০৪৪.৬৫ কোটি টাকা, যা মোট সংশোধিত স্থানীয় মুদ্রা বরাদ্দের ৯৬%। স্থানীয় মুদ্রা ব্যয়ের হার

জাতীয় গড় ব্যয়ের হার (৯২%) থেকে শতকরা ৪% বেশী। অন্যদিকে, প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৯,৮০৯.৮৬ কোটি টাকা (সংশোধিত প্রকল্প সাহায্য বরাদ্দের ৮২%)। প্রকল্প সাহায্য ব্যয়ের হার (৮২%) জাতীয় গড় ব্যয়ের হার (৯২%) থেকে ১০% কম। অর্থাৎ স্থানীয় মুদ্রার তুলনায় প্রকল্প সাহায্য ব্যয় কম হয়েছে। মোট ব্যয়িত ৩২,৮৫৪.৫১ কোটি টাকার মধ্যে স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্য ব্যয়ের অনুপাত ৭০ ঃ ৩০। পর্ববর্তী বছরে এ অনুপাতের হার ছিল ৬৩ ঃ ৩৭। ২০১০-১১ অর্থবছরের সংশোধিত এডিপির মোট বরাদ্দের তুলনায় মোট ব্যয় ৯২% হলেও মূল এডিপিতে প্রদত্ত বরাদ্দের তুলনায় এ ব্যয়ের হার মাত্র ৮৫% এবং পূর্ববর্তী বছরে এ ব্যয়ের হার ছিল ৮৫%। গত পাঁচ বছরের মূল ও সংশোধিত এডিপি বরাদ্দের বিপরীতে প্রকৃত ব্যয়ের তুলনামূলক বিবরণী সারণী-২ এবং লেখচিত্র-২ এ দেয়া হলো ঃ


সারণী-২ ঃ মূল ও সংশোধিত এডিপি বরাদ্দ এবং প্রকৃত ব্যয়ের বিবরণ

(কোটি টাকায়)

| অর্থবছর | মোট এডিপি বরাদ্দ | | মোট ব্যয় ও এডিপি বরাদ্দের তুলনায় ব্যয়ের % | | |
|---|---|---|---|---|---|
| | মূল | সংশোধিত | মোট ব্যয় | মূল বরাদ্দের % | সংশোধিত বরাদ্দের % |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২০১০-১১ | ৩৮৫০০ | ৩৫৮৮০ | ৩২৮৫৫ | ৮৫% | ৯২% |
| ২০০৯-১০ | ৩০৫০০ | ২৮৫০০ | ২৫৯১৭ | ৮৫% | ৯১% |
| ২০০৮-০৯ | ২৫৬০০ | ২৩০০০ | ১৯৭০১ | ৭৭% | ৮৬% |
| ২০০৭-০৮ | ২৬৫০০ | ২২৫০০ | ১৮৪৫৫ | ৭০% | ৮২% |
| ২০০৬-০৭ | ২৬০০০ | ২১৬০০ | ১৭৯১৭ | ৬৯% | ৮৩% |

**লেখচিত্র-২ ঃ মূল ও সংশোধিত এডিপি বরাদ্দ এবং প্রকৃত ব্যয়ের চিত্র**

(কোটি টাকায়)



## ৫। এডিপিতে শ্রেণী ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি ঃ

২০১০-১১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের শ্রেণী ভিত্তিক সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতির চিত্র সারণী-৩ এ উপস্থাপন করা হলো ঃ

**সারণী-৩ ঃ ২০১০-১১ অর্থবছরের সংশোধিত এডিপিতে শ্রেণী ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি**

(কোটি টাকায়)

| শ্রেণী ভিত্তিক কর্মসূচি/প্রকল্প সংখ্যা | সংশোধিত এডিপি ঃ ২০১০-১১ | | | | | | বাস্তব** অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|
| | বরাদ্দ | | | ব্যয় (বরাদ্দের %) | | | |
| | মোট | স্থানীয় মুদ্রা | প্রকল্প সাঃ (আরপিএ) | মোট | স্থানীয় মুদ্রা | প্রকল্প সাঃ (আরপিএ) | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| প্রধান/বিনিয়োগ প্রকল্প ঃ ৯২৯টি | ৩১৬৫৫.৪৯ | ২০৯৭৬.১৮ | ১০৬৭৯.৩১ (৫৮৪০.৫১) | ২৯১০৬.৪০ (৯২%) | ২০৩২০.১৮ (৯৭%) | ৮৭৮৬.২২ (৮২%) (৩৬৬৮.৭২) ৬৩% | ৮৮% |
| কারিগরি সহায়তা প্রকল্প ঃ ১৮৯টি | ১৩০৪.৩৯ | ৭৮.৮৭ | ১২২৫.৫২ (২৩৪.৬০) | ১০৭৭.৩৪ (৮৩%) | ৫৩.৭০ (৬৮%) | ১০২৩.৬৪ ৮৪% (৯৯.৯৭) ৪৩% | ৮২% |
| জাপানী ঋণ মওকুফ সহায়তা প্রকল্প ঃ ৭৫টি | ১৬৭৫.৯৫ | ১৬৭৫.৯৫ | -- | ১৪৫২.৫৭ (৮৬%) | ১৪৫২.৫৭ (৮৬%) | -- | ৮১% |
| উন্নয়ন সহায়তাসহ থোক বরাদ্দের ক্ষেত্র ঃ ১০টি | ১২৪৪.১৭ | ১২১৯.০০ | ২৫.১৭ (--) | ১২১৮.২০ (৯৮%) | ১২১৮.২০ (১০০%) | -- | ৯৮% |
| **মোট ঃ ১১৯৩টি *** | ৩৫,৮৮০.০০ | ২৩,৯৫০.০০ | ১১,৯৩০.০০ (৬০৭৫.১১) | ৩২৮৫৪.৫১ (৯২%) | **২৩০৪৪.৬৫ (৯৬%)** | ৯৮০৯.৮৫ (৮২%) **(৩৭৬৮.৬৯) ৬২%** | **৮৮%** |

* মল প্রকল্প ১১৯৩টি + উপ-প্রকল্প ৮৯টি এবং থোক বরাদ্দের ১০টি ক্ষেত্রসহ মোট ১২৯২টি ।

** বাস্তব অগ্রগতি তৌলমান (Weighted Average) পদ্ধতিতে নির্ণয় করা হয়েছে।

সারণী-৩ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, ২০১০-১১ অর্থবছরের সংশোধিত এডিপিতে,

- বিনিয়োগ প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯২%, যা জাতীয় গড় অগ্রগতির (৯২%) সমান ;
- কারিগরি সহায়তা প্রকল্পের আর্থিক অগ্রগতির হার মাত্র ৮৩%, যা জাতীয় গড় অগ্রগতি (৯২%) অপেক্ষা ৯% কম ;
- মোট অব্যয়িত ৩০২৫.৫০ কোটি টাকার (মোট বরাদ্দের ৮%) মধ্যে স্থানীয় মুদ্রার পরিমাণ ৯০৫.৩৫ কোটি টাকা, যা মোট অব্যয়িত অর্থের ৩০% এবং প্রকল্প সাহায্যের পরিমাণ ২১২০.১৫ কোটি টাকা, যা মোট অব্যয়িত অর্থের ৭০%;
- মোট অব্যয়িত ৩০২৫.৫০ কোটি টাকার মধ্যে (মোট বরাদ্দের ৮%) 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাতের প্রকল্প সাহায্য বাবদ ২৫.১৭ কোটি টাকা (মোট সংশোধিত এডিপি বরাদ্দের ০.০৭%) অবরাদ্দকৃত রয়েছে।

## ৬। ২০১০-১১ অর্থবছরসহ গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপি বরাদ্দ ও ব্যয়ের বিবরণ ঃ


২০১০-১১ অর্থবছরসহ গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রদত্ত বরাদ্দ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের বিবরণ সারণী-৪ এবং লেখচিত্র-৩ এ উপস্থাপন করা হলো ঃ

**সারণী-৪ ঃ ২০১০-১১ অর্থবছরসহ গত পাঁচ বছরের সংশোধিত এডিপিতে প্রদত্ত বরাদ্দ ও ব্যয়ের বিবরণ**

(কোটি টাকায়)

| অর্থ বছর | প্রকল্প সংখ্যা | সংশোধিত এডিপি বরাদ্দ | | | | ব্যয় (বরাদ্দের %) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | স্থানীয় মুদ্রা | প্রকল্প সাহায্য | সিডি/ ভ্যাট | মোট | স্থানীয় মুদ্রা | প্রকল্প সাহায্য | সিডি/ ভ্যাট |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ২০১০-১১ | ১১৯৩ | ৩৫৮৮০ | ২৩৯৫০ | ১১৯৩০ | ১১০৪ | ৩২৮৫৫ (৯২%) | ২৩০৪৫ (৯৬%) | ৯৮১০ (৮২%) | ৩২ (৩%) |
| ২০০৯-১০ | ১১০০ | ২৮৫০০ | ১৭২০০ | ১১৩০০ | ৬৫৪ | ২৫৯১৭ (৯১%) | ১৬৪০৫ (৯৫%) | ৯৫১২ (৮৪%) | ৩০ (৫%) |
| ২০০৮-০৯ | ১০৪০ | ২৩০০০ | ১২৮০০ | ১০২০০ | ৫৯২ | ১৯৭০১ (৮৬%) | ১১৮৭৩ (৯৩%) | ৭৮২৮ (৭৭%) | ৬৭ (১১%) |
| ২০০৭-০৮ | ১০৫৮ | ২২৫০০ | ১৩৫৫০ | ৮৯৫০ | ৮২০ | ১৮৪৫৫ (৮২%) | ১১৪৮০ (৮৫%) | ৬৯৭৫ (৭৮%) | ৫৬ (৭%) |
| ২০০৬-০৭ | ১০৯৮ | ২১৬০০ | ১৩৬৫০ | ৭৯৫০ | ৬৭৫ | ১৭৯১৭ (৮৩%) | ১১৭০৯ (৮৬%) | ৬২০৮ (৭৮%) | ১২২ (১৮%) |
| পূর্ববর্তী চার বছরের গড় ঃ (২০০৬-০৭ থেকে ২০০৯-১০ পর্যন্ত) | | ২৩৯০০ | ১৪৩০০ | ৯৬০০ | ৬৮৫ | ২০৪৯৮ (৮৬%) | ১২৮৬৭ (৯০%) | ৭৬৩১ (৭৯%) | ৬৮.৭৫ (১০%) |

**লেখচিত্র-৩ ঃ ২০১০-১১ অর্থবছরসহ গত ৪ (চার) বছরের সংশোধিত এডিপিতে প্রদত্ত বরাদ্দ ও ব্যয়ের চিত্র**




সারণী-৪ পর্যালোচনা করলে দেখা যায় যে, আলোচ্য ২০১০-১১ অর্থবছরে সংশোধিত এডিপিতে—

- আর্থিক অগ্রগতির হার মোট বরাদ্দের ৯২%, যা পূর্ববর্তী চার বছরের গড় আর্থিক অগ্রগতির হারের (৮৬%) চেয়ে ৬% বেশী;

- ➢ স্থানীয় মুদ্রা ব্যয়ের হার ৯৬%, যা পূর্ববর্তী চার বছরের স্থানীয় মুদ্রা ব্যয়ের গড় হার (৯০%) অপেক্ষা ৬% বেশী;
- ➢ প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৮২%, যা পূর্ববর্তী চার বছরের প্রকল্প সাহায্য ব্যয়ের গড় হার (৭৯%) অপেক্ষা ৩% বেশী এবং
- ➢ সিডি/ভ্যাট খাতে আলোচ্য বছরে ব্যয় হয়েছে মাত্র ৩%, যা পূর্ববর্তী চার বছরের গড় সিডি/ভ্যাট ব্যয়ের হার (১০%) অপেক্ষা ৭% কম। ২০০৯-১০ অর্থবছরে এ হার ছিল ৫%।

## ৭। এডিপি'র খাত ভিত্তিক বিনিয়োগ অগ্রগতি ঃ

২০১০-১১ অর্থবছরের সংশোধিত এডিপিভুক্ত প্রকল্পসমূহকে মোট ১৭টি অর্থনৈতিক খাতে অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ১৭টি খাতের প্রকল্প সংখ্যা, বরাদ্দ এবং আর্থিক অগ্রগতির বিবরণ সারণী-৫ এ উপস্থাপন করা হলো। **বিস্তারিত বিবরণ প্রতিবেদনের সংযোজনী-'ক'তে সন্নিবেশিত।**

**সারণী-৫ ঃ এডিপি'র খাত (১৭টি) ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ এবং আর্থিক অগ্রগতি**

(কোটি টাকায়)

| ক্রঃ নং | এডিপি খাত | মোট প্রকল্প সংখ্যা | ২০১০-১১ অর্থবছরের সংশোধিত এডিপি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বরাদ্দ | | | ব্যয় (বরাদ্দের %) | | |
| | | | মোট | স্থানীয় মুদ্রা | প্রকল্প সাঃ | মোট | স্থানীয় মুদ্রা | প্রকল্প সাঃ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | কৃষি | ১৭৭ | ২২৪৬.৩৫ | ১৭৪৫.৬২ | ৫০০.৭৩ | ২০৯৩.৩৬ (৯৩.১৯%) | ১৬৫৮.৬২ (৯৫.০২%) | ৪৩৪.৭৫ (৮৬.৮২%) |
| ২। | পলী- উন্নয়ন ও প্রতিষ্ঠান | ৭৯ | ৪৫৬৫.২৬ | ২৯০৮.২২ | ১৬৫৭.০৪ | ৪৪৭৩.৩৯ (৯৭.৯৯%) | ২৭৭১.৮০ (৯৫.৩১%) | ১৭০১.৫৯ (১০২.৬৯%) |
| ৩। | পানি সম্পদ | ৬১ | ১৩১১.০৯ | ৮৭৮.২৭ | ৪৩২.৮২ | ১১৫৫.২৬ (৮৮.১১%) | ৮২২.৭৯ (৯৩.৬৮%) | ৩৩২.৪৭ (৭৬.৮১%) |
| ৪। | শিল্প | ৪৭ | ৩৭৪.৬৮ | ৩০৩.৪৮ | ৭১.২০ | ৩৫১.৮৪ (৯৩.৯০%) | ২৯৪.১৩ (৯৬.৯২%) | ৫৭.৭১ (৮১.০৫%) |
| ৫। | বিদ্যুৎ | ৫৩ | ৫৯৮১.৮৮ | ৪৩১৭.৯০ | ১৬৬৩.৯৮ | ৫৯১২.৮২ (৯৮.৮৫%) | ৪৩০৪.৫০ (৯৯.৬৯%) | ১৬০৮.৩২ (৯৬.৬৫%) |
| ৬। | তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ | ৩৯ | ১০৫৪.৮৬ | ৮৮০.২৬ | ১৭৪.৬০ | ৯৯০.০২ (৯৩.৮৫%) | ৮৩০.২৯ (৯৪.৩২%) | ১৫৯.৭৪ (৯১.৪৯%) |
| ৭। | পরিবহণ | ২৩৯ | ৫৩৫৫.৪০ | ৩২৬২.৯০ | ২০৯২.৫০ | ৩৮৪৭.১০ (৭১.৮৪%) | ৩১০৪.৭৫ (৯৫.১৫%) | ৭৪২.৩৫ (৩৫.৪৮%) |
| ৮। | যোগাযোগ | ১৪ | ২৭৬.১৭ | ২০৬.২৪ | ৬৯.৯৩ | ২৬১.৮০ (৯৪.৮০%) | ১৯২.৩৫ (৯৩.২৭%) | ৬৯.৪৪ (৯৯.৩১%) |
| ৯। | ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ণ | ১৪৩ | ৩২৯৩.৫৪ | ২১৪৭.২০ | ১১৪৬.৩৪ | ৩১০২.২১ (৯৪.১৯%) | ২০৪৫.২৪ (৯৫.২৫%) | ১০৫৬.৯৭ (৯২.২০%) |
| ১০। | শিক্ষা ও ধর্ম | ১১৮ | ৫০৪৭.৬৫ | ৩১৬৩.৭৫ | ১৮৮৩.৯০ | ৪৮৭৯.২২ (৯৬.৬৬%) | ৩১৩৫.৩৯ (৯৯.১০%) | ১৭৪৩.৮৩ (৯২.৫৬%) |
| ১১। | ক্রীড়া ও সংস্কৃতি | ২৭ | ৩৬৬.৭৯ | ৩৬৫.২০ | ১.৫৯ | ৩৪২.৬৯ (৯৩.৪৩%) | ৩৪২.১১ (৯৩.৬৮%) | ০.৫৭ (৩৬.১৫%) |
| ১২। | স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ | ৪০ | ৩১৬২.০৮ | ১৭৫৭.৯০ | ১৪০৪.১৮ | ২৮৬৫.২০ (৯০.৬১%) | ১৬২৯.৭৮ (৯২.৭১%) | ১২৩৫.৪২ (৮৭.৯৮%) |
| ১৩। | গণসংযোগ | ১২ | ৯২.১০ | ৮৯.৫০ | ২.৬০ | ৮৮.৫৯ (৯৬.১৯%) | ৮৫.৭৯ (৯৫.৮৬%) | ২.৭৯ (১০৭.৪৭%) |

**(কোটি টাকায়)**

| ক্রঃ নং | এডিপি খাত | মোট প্রকল্প সংখ্যা | ২০১০-১১ অর্থবছরের সংশোধিত এডিপি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বরাদ্দ | | | ব্যয় (বরাদ্দের %) | | |
| | | | মোট | স্থানীয় মুদ্রা | প্রকল্প সাঃ | মোট | স্থানীয় মুদ্রা | প্রকল্প সাঃ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১৪। | সমাজ কল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন | ৪৬ | ৩১৭.৪২ | ১৪৪.৭৬ | ১৭২.৬৬ | ২৭৭.৮৪ (৮৭.৫৩%) | ১২৬.৭৩ (৮৭.৫৪%) | ১৫১.১১ (৮৭.৫২%) |
| ১৫। | জন-প্রশাসন | ৬০ | ১০০৩.৮১ | ৪০৮.৪৬ | ৫৯৫.৩৫ | ৮২২.৫৯ (৮১.৯৫%) | ৩৪০.৪৫ (৮৩.৩৫%) | ৪৮২.১৪ (৮০.৯৮%) |
| ১৬। | বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ৩১ | ১৪৭.৩৭ | ১২৩.৮৪ | ২৩.৫৩ | ১৩৭.৯১ (৯৩.৫৮%) | ১২২.৭৭ (৯৯.১৪%) | ১৫.১৩ (৬৪.৩১%) |
| ১৭। | শ্রম ও কর্মসংস্থান | ৭ | ৩৯.৩৮ | ২৭.৫০ | ১১.৮৮ | ৩৪.৪৯ (৮৭.৫৮%) | ১৮.৯৬ (৬৮.৯৫%) | ১৫.৫৩ (১৩০.৬৯%) |
| | **উপ-মোট ঃ** | **১১৯৩** | **৩৪৬৩৫.৮৩** | **২২৭৩১.০০** | **১১৯০৪.৮৩** | **৩১৬৩৬.৩১ (৯১.৩৪%)** | **২১৮২৬.৪৫ (৯৬.০২%)** | **৯৮০৯.৮৬ (৮২.৪০%)** |
| | **উন্নয়ন সহায়তা (থোক বরাদ্দ) ঃ** | **১০টি** | **১২৪৪.১৭** | **১২১৯.০০** | **২৫. ১৭** | **১২১৮.২০ (৯৭.৯১%)** | **১২১৮.২০ (৯৯.৯৩%)** | -- |
| | **সর্বমোট ঃ** | **১১৯৩*** | **৩৫৮৮০.০০** | **২৩৯৫০.০০** | **১১৯৩০.০০** | **৩২৮৫৪.৫১ (৯১.৫৭%)** | **২৩০৪৪.৬৫ (৯৬.২২%)** | **৯৮০৯.৮৬ (৮২.২৩%)** |

*** মল প্রকল্প ১১৯৩টি + উপ-প্রকল্প ৮৯টি এবং থোক বরাদ্দের ১০টি ক্ষেত্রসহ মোট ১২৯২টি প্রকল্প।**

২০১০-১১ অর্থবছরের সংশোধিত এডিপিভুক্ত খাত ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ এবং আর্থিক অগ্রগতি (সারণী-৫) বিশ্লেষণে দেখা যায় যে,

- এডিপিভুক্ত ১৭টি খাতের মধ্যে ১১টি খাতের মোট আর্থিক অগ্রগতি জাতীয় গড় আর্থিক অগ্রগতির (৯২%) সমান বা তদূর্ধ্ব। এ খাতগুলো হলো ঃ বিদ্যুৎ (৯৯%); পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান (৯৮%); শিক্ষা ও ধর্ম (৯৭%); গণসংযোগ (৯৬%); যোগাযোগ (৯৫%); তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ (৯৪%); বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (৯৪%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন (৯৪); শিল্প (৯৪%); ক্রীড়া ও সংস্কৃতি (৯৩%); এবং কৃষি (৯৩%);
- সংশোধিত এডিপিতে সবচেয়ে বেশী বরাদ্দ (২৯৬৫২.১৭ কোটি টাকা, মোট বরাদ্দের ৮৩%) প্রাপ্ত ৭টি খাত হলো — বিদ্যুৎ (৫৯৮১.৮৮ কোটি টাকা, মোট বরাদ্দের ১৭%); পরিবহণ (৫৩৫৫.৪০ কোটি টাকা, মোট বরাদ্দের ১৫%); শিক্ষা ও ধর্ম (৫০৪৭.৬৫ কোটি টাকা, মোট বরাদ্দের ১৪%); পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান (৪৫৬৫.২৬ কোটি টাকা, মোট বরাদ্দের ১৩%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন (৩২৯৩.৫৪ কোটি টাকা, মোট বরাদ্দের ৯%); স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ (৩১৬২.০৮ কোটি টাকা, মোট বরাদ্দের ৯%); এবং কৃষি (২২৪৬.৩৫ কোটি টাকা, মোট বরাদ্দের ৬%);
- বৃহৎ বরাদ্দপ্রাপ্ত ৭টি খাতে ব্যয়ের অগ্রগতির হার হলো – বিদ্যুৎ ৯৯%; পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান ৯৮%; শিক্ষা ও ধর্ম ৯৭%; ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন ৯৪%; কৃষি ৯৩%; স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ ৯১% এবং পরিবহণ ৭২%;

- উক্ত ৭টি খাতে অব্যয়িত মোট অর্থের পরিমাণ ২৪৭৮.৮৭ কোটি টাকা (মোট এডিপি বরাদ্দের ৭%)। এর মধ্যে বিদ্যুৎ খাতের অগ্রগতি প্রায় শতভাগ (৯৯%)। অবশিষ্ট খাতসমূহের মধ্যে পরিবহণ খাতে ১৫০৮.৩০ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ২৮%); শিক্ষা ও ধর্ম খাতে ১৬৮.৪৩ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ৩%); পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান খাতে ৯১.৮৭ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ২%); স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ খাতে ২৯৬.৮৮ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ৯%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন ১৯১.৩৩ (এ খাতে বরাদ্দের ৬%); কৃষি খাতে ১৫২.৯৯ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ৭%) অব্যয়িত রয়েছে ;
- মূল এডিপির তুলনায় সার্বিকভাবে সংশোধিত এডিপিতে ৭% বরাদ্দ হ্রাস করা হলেও স্থানীয় মুদ্রা বরাদ্দ ৩% বৃদ্ধি পেয়েছে। স্থানীয় মুদ্রায় মোট অব্যয়িত অর্থের পরিমাণ ৯০৩.৩৫ কোটি টাকা। এর মধ্যে উল্লেখযোগ্য হলো - পরিবহণ খাতে ১৫৮.১৫ কোটি টাকা ; পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান খাতে ১৩৬.৪২ কোটি টাকা ; স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ খাতে ১২৮.১২ কোটি টাকা; ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন খাতে ১০১.৯৬ কোটি টাকা ; কৃষি খাতে ৮৭.০১ কোটি টাকা ; এবং
- বরাদ্দের বিবেচনায় গুরুত্বপূর্ণ খাতের মধ্যে জাতীয় গড় আর্থিক অগ্রগতির (৯২%) চেয়ে কম আর্থিক অগ্রগতি হয়েছে - স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ খাতে (৯১%); পানি সম্পদ খাতে (৮৮%); শ্রম ও কর্মসংস্থান খাতে (৮৮%); এবং সমাজ কল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন খাতে (৮৮%);
- সবচেয়ে কম অর্থ ব্যয় হয়েছে পরিবহণ খাতে (৭২%); এর পরেই রয়েছে জন-প্রশাসন (৮২%।

## ৮। মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক এডিপি বরাদ্দ ও ব্যয় ঃ

**৮.১** ৫২টি মন্ত্রণালয়/বিভাগের অধীনে ২০১০-১১ অর্থবছরের সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক আর্থিক অগ্রগতির চিত্র (অগ্রগতির নিম্ন-ক্রমানুসারে) সারণী-৬ এ দেখানো হলো। বিস্তারিত বিবরণ প্রতিবেদনের **সংযোজনী-'খ' তে** সন্নিবেশিত।

**সারণী-৬ ঃ মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক ২০১০-১১ অর্থবছরে প্রকল্প সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি**

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প) | বরাদ্দ | আর্থিক অগ্রগতি | | বাস্তব** অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|
| | | | মোট<br>স্থানীয় মুদ্রা<br>প্রকল্প সাহায্য | মোট<br>স্থানীয় মুদ্রা<br>প্রকল্প সাহায্য | বরাদ্দের শতকরা হার | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| **(ক) জাতীয় গড় (৯২%) এর সমান বা তদূর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন ৩০টি মন্ত্রণালয়/বিভাগ** | | | | | | |
| ০১। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ৬ | **১৭৪৮.০০**<br>**৪৫০.০০**<br>**১২৯৮.০০** | **২০৬৫.৪৮**<br>**৪২৭.৮০**<br>**১৬৩৭.৬৮** | ১১৮%*<br>৯৫%<br>১২৬% | ৮৫% |
| ০২। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ১৬ | ৩৮৪০৩.৩৮<br>২৬১৩৬.৩৮<br>১২২৬৭.০০ | ৩৮৫৫২.৮৯<br>২৫২২০.০৫<br>১৩৩৩২.৮৪ | ১০০%<br>৯৬%<br>১০৯% | ৯৬% |

* প্রকল্প সাহায্য অর্থায়নকারী সংস্থা ILO কর্তৃক ব্যয় করা হয়েছে। ফলে, প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থ অপেক্ষা মোট ৩৩৯.৬৮ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে।

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প) | বরাদ্দ<br>মোট<br>স্থানীয় মুদ্রা<br>প্রকল্প সাহায্য | আর্থিক অগ্রগতি<br>মোট<br>স্থানীয় মুদ্রা<br>প্রকল্প সাহায্য | আর্থিক অগ্রগতি<br>বরাদ্দের শতকরা হার | বাস্তব** অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০৩। | বাংলাদেশ সরকারি কর্মকমিশন | ১ | ৬০০.০০<br>৬০০.০০<br>-- | ৬০০.০০<br>৬০০.০০<br>-- | ১০০%<br>১০০%<br>-- | ১০০% |
| ০৪। | মন্ত্রিপরিষদ বিভাগ | ১ | ২০১.০০<br>৩১.০০<br>১৭০.০০ | ২০০.৬৭<br>২৫.৯৮<br>১৭৪.৬৯ | ১০০%<br>৮৪%<br>১০৩% | ১০০% |
| ০৫। | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) | ২ | ৫০৮৫.০০<br>৩০.০০<br>৫০৫৫.০০ | ৫০৭৫.৭৯<br>২৩.৭৯<br>৫০৫২.০০ | ১০০%<br>৭৯%<br>১০০% | ১০০% |
| ০৬। | বিদ্যুৎ বিভাগ | ৫৩<br>(২) | ৫৯৮১৮৮.০০<br>৪৩১৭৯০.০০<br>১৬৬৩৯৮.০০ | ৫৯১২৮১.১৩<br>৪৩০৪৪৯.৫৮<br>১৬০৮৩১.৫৫ | ৯৯%<br>১০০%<br>৯৭% | ৯৫% |
| ০৭। | বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | ২৭ | ১১৭৬৫.১১<br>১১৪৭৭.১১<br>২৮৮.০০ | ১১৫৯২.৬১<br>১১৪২৬.০১<br>১৬৬.৬০ | ৯৯%<br>১০০%<br>৫৮% | ৯৬% |
| ০৮। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ১৬ | ৪৭৪৯৬.০৫<br>৪৭৪৯৬.০৫<br>-- | ৪৬৭৯৩.৯৭<br>৪৬৭৯৩.৯৭<br>-- | ৯৯%<br>৯৯%<br>-- | ৯৯% |
| ০৯। | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ৩ | ৩১১০৭.০০<br>১৬৩৪৯.০০<br>১৪৭৫৮.০০ | ৩০৫২৮.৮২<br>১৫৭১৯.৬৯<br>১৪৮০৯.১৩ | ৯৮%<br>৯৬%<br>১০০% | ৯৬% |
| ১০। | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ১৭ | ১৮৭৪৮.০০<br>১৮৭৪৮.০০<br>-- | ১৮৩৯০.৭৮<br>১৮৩৯০.৭৮<br>-- | ৯৮%<br>৯৮%<br>-- | ৯০% |
| ১১। | কৃষি মন্ত্রণালয় | ৬৪<br>(২০) | ১০৪২১৮.১৪<br>৯১০৩২.১৪<br>১৩১৮৬.০০ | ১০২০৩৯.১০<br>৮৮৭৭৫.৭৬<br>১৩২৬৩.৩৪ | ৯৮%<br>৯৮%<br>১০১% | ৯৬% |
| ১২। | বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় | ২ | ১৯৩৯১.০০<br>৭০৭৫.০০<br>১২৩১৬.০০ | ১৮৯৬৬.৮১<br>৬৮৫০.৫০<br>১২১১৬.৩১ | ৯৮%<br>৯৭%<br>৯৮% | ৯৮% |
| ১৩। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ৮ | ১৪৬৬২.০০<br>১৪৪২৫.০০<br>২৩৭.০০ | ১৪৩২৯.৩৬<br>১৪১০৪.১৬<br>২২৫.২১ | ৯৮%<br>৯৮%<br>৯৫% | ১০০% |
| ১৪। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ১৪ | ৩০৫৬৬২.০০<br>১৮৩৫০৮.০০<br>১২২১৫৪.০০ | ২৯৭৮৯৮.০৮<br>১৮১৬৩৩.৭২<br>১১৬২৬৪.৩৬ | ৯৭%<br>৯৯%<br>৯৫% | ৯০% |
| ১৫। | শিল্প মন্ত্রণালয় | ২৮ | ২৬৮৬৫.১২<br>২৫৯৬৭.১২<br>৮৯৮.০০ | ২৬১৬৭.৯০<br>২৫৭৫২.২১<br>৪১৫.৬৯ | ৯৭%<br>৯৯%<br>৪৬% | ৯২% |
| ১৬। | আইন ও বিচার বিভাগ | ৭ | ৬৬৩০.০০<br>৫৯১০.০০<br>৭২০.০০ | ৬৪৪৫.৫২<br>৫৮১৯.৬৩<br>৬২৫.৮৯ | ৯৭%<br>৯৮%<br>৮৭% | ৯৭% |
| ১৭। | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ১৩ | ৬৫৭৮.০০<br>৬২০৪.০০<br>৩৭৪.০০ | ৬৩৩০.১৬<br>৫৯৯১.৬০<br>৩৩৮.৫৬ | ৯৬%<br>৯৭%<br>৯১% | ৮৮% |

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প) | বরাদ্দ | আর্থিক অগ্রগতি | | বাস্তব** অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|
| | | | মোট<br>স্থানীয় মুদ্রা<br>প্রকল্প সাহায্য | মোট<br>স্থানীয় মুদ্রা<br>প্রকল্প সাহায্য | বরাদ্দের শতকরা হার | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১৮। | তথ্য মন্ত্রণালয় | ১৩ | ৯৩৮২.০০<br>৮৯৫০.০০<br>৪৩২.০০ | ৯০১২.৮১<br>৮৫৭৯.৩৩<br>৪৩৩.৪৮ | ৯৬%<br>৯৬%<br>১০০% | ৯৩% |
| ১৯। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ১৭ | ৩০১৩০.৮১<br>৩০০১৭.৮১<br>১১৩.০০ | ২৮৮৩৪.৯৮<br>২৮৭৪৫.৭৩<br>৮৯.২৫ | ৯৬%<br>৯৬%<br>৭৯% | ৯৬% |
| ২০। | স্থানীয় সরকার বিভাগ | ১৫৮<br>(৬) | ৭৮৫৩৮০.১৬<br>৫১০১০৭.১৬<br>২৭৫২৭৩.০০ | ৭৫৩৬১২.৭৫<br>৪৮৯০৮৮.০২<br>২৬৪৫২৪.৭৩ | ৯৬%<br>৯৬%<br>৯৬% | ৯০% |
| ২১। | প্রধানমন্ত্রীর কার্যালয় | ৬ | ২২২৫৯.৫০<br>১৯২৬৭.৫০<br>২৯৯২.০০ | ২১১৬৭.৭৪<br>১৮৮৫৮.৬১<br>২৩০৯.১৩ | ৯৫%<br>৯৮%<br>৭৭% | ৯৬% |
| ২২। | শিক্ষা মন্ত্রণালয় | ৮০ | ১৭২৩৯৩.০০<br>১০৬৩৯৪.০০<br>৬৫৯৯৯.০০ | ১৬৩৬৬০.৩৯<br>১০৫৭৬৬.৮১<br>৫৭৮৯৩.৫৯ | ৯৫%<br>৯৯%<br>৮৮% | ৯০% |
| ২৩। | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | ৭ | ১৮৮৪০.৫০<br>১১৮৪৭.৫০<br>৬৯৯৩.০০ | ১৭৭৪৪.০৯<br>১০৭৯৯.৬৪<br>৬৯৪৪.৪৫ | ৯৪%<br>৯১%<br>৯৯% | ৯৮% |
| ২৪। | নৌ-পরিবহণ মন্ত্রণালয় | ২৩<br>(২) | ২৮৮৯৬.০০<br>১৭৮২২.০০<br>১১০৭৪.০০ | ২৭১৮৩.৪৪<br>১৭৫৬৮.৯৪<br>৯৬১৪.৫০ | ৯৪%<br>৯৯%<br>৮৭% | ৯৬% |
| ২৫। | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ৩৯<br>(৩) | ১৬৫০৬.০০<br>৯২০৮.০০<br>৭২৯৮.০০ | ১৫৫১১.২৫<br>৮৬৮৩.৬৩<br>৬৮২৭.৬২ | ৯৪%<br>৯৪%<br>৯৪% | ৯৬% |
| ২৬। | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | ৩৯ | ১০৫৪৮৬.০০<br>৮৮০২৬.০০<br>১৭৪৬০.০০ | ৯৯০০২.২১<br>৮৩০২৮.৬১<br>১৫৯৭৩.৬১ | ৯৪%<br>৯৪%<br>৯১% | ৯৮% |
| ২৭। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ২৩<br>(৩৭) | ২৭৩৭০৬.০০<br>১৫৪৩৪৩.০০<br>১১৯৩৬৩.০০ | ২৫৩৯৫৯.৩৮<br>১৪৪৪৬৪.১৯<br>১০৯৪৯৫.১৯ | ৯৩%<br>৯৪%<br>৯২% | ৮৬% |
| ২৮। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ১৫ | ৭৮০২.০০<br>৭৬৪৩.০০<br>১৫৯.০০ | ৭১৯৩.৩৪<br>৭১৩৫.৮৬<br>৫৭.৪৮ | ৯২%<br>৯৩%<br>৩৬% | ৯৬% |
| ২৯। | ভূমি মন্ত্রণালয় | ৭<br>(১) | ৮৩১৩.০০<br>৮১১৯.০০<br>১৯৪.০০ | ৭৬৪৯.১৮<br>৭৪৫৪.৭৩<br>১৯৪.৪৫ | ৯২%<br>৯২%<br>১০০% | ৮৬% |
| ৩০। | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | ১৮ | ৯৬৪৫.৫০<br>৮৪৪৩.৫০<br>১২০২.০০ | ৮৮৫০.৭০<br>৭৬৭৩.৫৭<br>১১৭৭.১৩ | ৯২%<br>৯১%<br>৯৮% | ৯৫% |
| **(খ) জাতীয় গড় ৯২% এর কম কিন্তু ৭৫% বা তদূর্দ্ধ আর্থিক অগ্রগতি সম্পন্ন ১২টি মন্ত্রণালয়/বিভাগ** | | | | | | |
| ৩১। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ৪ | ১০৫০.০০<br>৩৫০.০০<br>৭০০.০০ | ৯৫৭.০৪<br>৩২৭.৭৪<br>৬২৯.৩০ | ৯১%<br>৯৪%<br>৯০% | ৯১% |

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প) | বরাদ্দ<br>মোট<br>স্থানীয় মুদ্রা<br>প্রকল্প সাহায্য | আর্থিক অগ্রগতি<br>মোট<br>স্থানীয় মুদ্রা<br>প্রকল্প সাহায্য | আর্থিক অগ্রগতি<br>বরাদ্দের শতকরা হার | বাস্তব** অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩২। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৪৪<br>(৯) | ৩০১৫৬.০৭<br>১৭৭৮৩.০৭<br>১২৩৭৩.০০ | ২৭৩৬৬.২৫<br>১৬৫৯২.৪১<br>১০৭৭৩.৮৪ | ৯১%<br>৯৩%<br>৮৭% | ৮৫% |
| ৩৩। | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ৩৭ | ৫৫৭২৯.৮৭<br>৪৮৪৮৩.৮৭<br>৭২৪৬.০০ | ৪৯৫৩৭.৮১<br>৪২২৯৪.৮১<br>৭২৪৩.০০ | ৮৯%<br>৮৭%<br>১০০% | ৮৫% |
| ৩৪। | পানি সম্পদ মন্ত্রণালয় | ৭১ | ১৪৪৪৪২.০০<br>১০১১৬৮.০০<br>৪৩২৭৪.০০ | ১২৮২৬০.৪০<br>৯৪৯২৩.১৫<br>৩৩৩৩৭.২৫ | ৮৯%<br>৯৪%<br>৭৭% | ৯৮% |
| ৩৫। | খাদ্য বিভাগ | ৭<br>(১) | ২৪৪২৪.০০<br>২২৮৬১.০০<br>১৫৬৩.০০ | ২১৬৪৮.০৮<br>২০২৯৮.৭৬<br>১৩৪৯.৩২ | ৮৯%<br>৮৯%<br>৮৬% | ৯৩% |
| ৩৬। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ১৮ | ২০৫৪১.৫০<br>৪৭৭৮.৫০<br>১৫৭৬৩.০০ | ১৮১০২.৯৩<br>৪৩৮৮.২২<br>১৩৭১৪.৭১ | ৮৮%<br>৯২%<br>৮৭% | ৭৯% |
| ৩৭। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | ৭ | ২১৫৬০.৯৮<br>১৪২৫৪.৯৮<br>৭৩০৬.০০ | ১৮৪৮৩.৪৪<br>১৩৬৫৬.৮৩<br>৪৮২৬.৬১ | ৮৬%<br>৯৬%<br>৬৬% | ৮৪% |
| ৩৮। | বাণিজ্য মন্ত্রণালয় | ৭ | ৪৫১৩.০০<br>৮৫.০০<br>৪৪২৮.০০ | ৩৮৫৯.৫১<br>০.০০<br>৩৮৫৯.৫১ | ৮৬%<br>০.০<br>৮৭% | ৯৮% |
| ৩৯। | সড়ক ও রেলপথ বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) | ২০২<br>(৮) | ৩৬৩৪৮৪.৮১<br>২৪৯৪০৪.৮১<br>১১৪০৮০.০০ | ২৯৮১৫৬.১৮<br>২৩৮৮৮০.৩২<br>৫৯২৭৫.৮৬ | ৮২%<br>৯৬%<br>৫২% | ৭৮% |
| ৪০। | জন-প্রশাসন মন্ত্রণালয় | ১০ | ১২৬৮৩.০০<br>৯১৩৮.০০<br>৩৫৪৫.০০ | ১০০১২.৯৮<br>৬৪৮৬.৯৮<br>৩৫২৬.০০ | ৭৯%<br>৭১%<br>৯৯% | ৮৪% |
| ৪১। | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ৬ | ১০৫৩৮.০০<br>৩২৩.০০<br>১০২১৫.০০ | ৮১০৭.৪৮<br>১৬২.১৫<br>৭৯৪৫.৩৩ | ৭৭%<br>৫০%<br>৭৮% | ৮২% |
| ৪২। | পররাষ্ট্র মন্ত্রণালয় | ৩ | ৩৫৮.০০<br>৩৫৮.০০<br>-- | ২৭৪.৮০<br>২৭৪.৮০<br>-- | ৭৭%<br>৭৭%<br>-- | ৭৭% |
| **(গ) ৭৫% এর কম কিন্তু ৫০% বা তদূর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন ৫টি মন্ত্রণালয়/বিভাগ** | | | | | | |
| ৪৩। | পরিকল্পনা বিভাগ | ১৩ | ৫৫৭৯.৫০<br>১৮৮০.৫০<br>৩৬৯৯.০০ | ৩৮২৭.০৯<br>১০২৬.২৫<br>২৮০০.৮৪ | ৬৯%<br>৫৫%<br>৪৫% | ৪৭% |
| ৪৪। | পরিসংখ্যান বিভাগ | ১১ | ২৪৭৩৮.০৯<br>১৪৭১৯.১৪<br>১০০১৮.৯৫ | ১৬৪৮৯.৩৮<br>১২৪১২.৫৩<br>৪০৭৬.৮৫ | ৬৭%<br>৮৪%<br>৪১% | ৯৯% |
| ৪৫। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ৩ | ২৩৪১.০০<br>২৩০০.০০<br>৪১.০০ | ১৫২৪.৭৯<br>১৪৬৮.৩৫<br>৫৬.৪৪ | ৬৫%<br>৬৪%<br>১৩৮% | ৭০% |

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প) | বরাদ্দ | আর্থিক অগ্রগতি | | বাস্তব** অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|
| | | | মোট<br>স্থানীয় মুদ্রা<br>প্রকল্প সাহায্য | মোট<br>স্থানীয় মুদ্রা<br>প্রকল্প সাহায্য | বরাদ্দের শতকরা হার | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৪৬। | অর্থ বিভাগ | ৩ | ৯৭০২.৭০<br>১৫৭.৭০<br>৯৫৪৫.০০ | ৬৩০৬.৫৯<br>১৩১.৪২<br>৬১৭৫.১৭ | ৬৫%<br>৮৩%<br>৬৫% | ৬১% |
| ৪৭। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ৮ | ৪৩৩৭.১৬<br>৪৩৩৭.১৬<br>-- | ২৩৩৯.৩১<br>২৩৩৯.৩১<br>-- | ৫৪%<br>৫৪%<br>-- | ৫৩% |
| **(ঘ) ৫০% এর কম আর্থিক অগ্রগতি সম্পন্ন ৫টি মন্ত্রণালয়/বিভাগ** | | | | | | |
| ৪৮। | লেজিসলেটিভ এবং সংসদ বিষয়ক বিভাগ | ৩ | ৫৯০.০০<br>১৬.০০<br>৫৭৪.০০ | ২৮১.৮২<br>০.০০<br>২৮১.৮২ | ৪৮%<br>০০<br>৪৯% | ৪৮% |
| ৪৯। | সেতু বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) | ২ | ১১০৫৫৯.০০<br>৩২৯৫৯.০০<br>৭৭৬০০.০০ | ৩৭৭১৩.১৪<br>৩২২৫৯.৪৮<br>৫৪৫৩.৬৬ | ৩৪%<br>৯৮%<br>৭% | ৩৪% |
| ৫০। | সংসদ বিষয়ক সচিবালয় | ৩ | ১৫৪৩.০০<br>২.০০<br>১৫৪১.০০ | ৩৯৯.১৩<br>০.৬৩<br>৩৯৮.৫০ | ২৬%<br>৩২%<br>২৬% | ২৭% |
| ৫১। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ২ | ১৯২০.০০<br>৪২০.০০<br>১৫০০.০০ | ৩৪২.০০<br>৬২.০০<br>২৮০.০০ | ১৮%<br>১৫%<br>১৯% | ৩০% |
| ৫২। | বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | ৬ | ৮৬০৩.০০<br>১৮০৩.০০<br>৬৮০০.০০ | ৮১৮.৮৮<br>৬২৫.৭০<br>১৯৩.১৮ | ১০%<br>৩৫%<br>৩% | ৯% |
| | বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা (পরিকল্পনা বিভাগ) | -- | ২৫১৭.০৫<br>--<br>২৫১৭.০৫ | -- | -- | -- |
| | **সর্বমোট ঃ** | **১১৯৩*** | ৩৫৮৮০০০.০০<br>২৩৯৫০০০.০০<br>১১৯৩০০০.০০ | ৩২৮৫৪৫০.৩৫<br>২৩০৪৪৬৪.৭১<br>৯৮০৯৮৫.৬৩ | ৯২%<br>৯৬%<br>৮২% | ৮৮% |

*** মল প্রকল্প ১১৯৩টি + উপ-প্রকল্প ৮৯টি এবং উন্নয়ন সহায়তার (থোক বরাদ্দ) ১০টি ক্ষেত্রসহ মোট ১২৯২টি।**
**** বাস্তব অগ্রগতি তৌলমান (Weighted Average) পদ্ধতি তে নির্ণয় করা হয়েছে।**

সারণী-৬ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- সংশোধিত এডিপিতে জাতীয় গড়ের (৯২%) সমান ও তদূর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন মন্ত্রণালয়/বিভাগ হলো ৩০টি এবং অবশিষ্ট ২২টি মন্ত্রণালয়/বিভাগের আর্থিক অগ্রগতি জাতীয় গড়ের নীচে ;

- সার্বিক আর্থিক অগ্রগতি তথা জাতীয় গড় হার (৯২%) এর নীচে আর্থিক অগ্রগতি সম্পন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগগুলো হলো – পানি সম্পদ মন্ত্রণালয় (৮৯%); মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (৯১%); সড়ক ও রেলপথ বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) (৮২); পরিকল্পনা বিভাগ (৬৯%); পরিসংখ্যান বিভাগ (৬৭%); স্বরাষ্ট্র মন্ত্রণালয় (৮৯%) এবং সেতু বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) (৩৪);

- বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সার্বিক অগ্রগতি ৯৯%। আলোচ্য অর্থবছরে এ মন্ত্রণালয়ের আওতায় ২৭টি প্রকল্পের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের ২২টি প্রকল্পের অগ্রগতি ৯৯.৮৫% এবং তথ্য ও প্রযুক্তি বিভাগের ৫টি প্রকল্পের অগ্রগতি ৯০.৬৩%;

- যোগাযোগ মন্ত্রণালয়ের সার্বিক অগ্রগতি ৮২%। এ মন্ত্রণালয়ের আওতায় ২০১০-১১ অর্থবছরে রেলপথ বিভাগের আর্থিক অগ্রগতি ৮১% এবং সড়ক বিভাগের অগ্রগতির হার ৮২%;

- বাস্তব অগ্রগতির জাতীয় গড় হার (৮৮%) এর নীচে ভৌত অগ্রগতি সম্পন্ন মোট ২০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগগুলো হলো- সড়ক ও রেলপথ বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) (৭৮%); সেতু বিভাগ (৩৪%); স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৮৬%); মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (৮৫%); এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় (৮৫%) সহ আরো কয়েকটি মন্ত্রণালয়/বিভাগ;

- আলোচ্য বছরে সংশোধিত এডিপিতে ৫২টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে স্থানীয় মুদ্রা ব্যবহারের ক্ষেত্রে ২৯টি মন্ত্রণালয়/বিভাগ জাতীয় গড় হার (৯৬%) অপেক্ষা কম অর্থ ব্যয় করতে পেরেছে। তন্মধ্যে উল্লেখযোগ্য মন্ত্রণালয়/বিভাগগুলো হচ্ছে –পানি সম্পদ বিভাগ (৯৪%); ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় (৯১%); জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ (৯৪%); স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৯৪%); পরিবেশ ও বন মন্ত্রণালয় (৯৪%); মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (৯১%); স্বরাষ্ট্র মন্ত্রণালয় (৮৭%)। স্থানীয় মুদ্রা কম ব্যয় হওয়ার কারণসহ মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বিস্তারিত বিবরণ প্রতিবেদনের **সংযোজনী-'গ'**-তে দেয়া হলো ;

- আলোচ্য বছরে ৫টি মন্ত্রণালয়/বিভাগের (বাংলাদেশ সরকারি কর্মকমিশন, প্রতিরক্ষা, পররাষ্ট্র, মুক্তিযুদ্ধ বিষয়ক এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়) প্রকল্প সাহায্য বরাদ্দ নেই। প্রকল্প সাহায্য ব্যবহারের ক্ষেত্রে অবশিষ্ট ৪৭টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ১৭টি মন্ত্রণালয়/বিভাগ জাতীয় গড় হার (৮২%) অপেক্ষা কম অর্থ ব্যয় করেছে। তন্মধ্যে উল্লেখযোগ্য মন্ত্রণালয়/বিভাগগুলো হলো – পানি সম্পদ মন্ত্রণালয় (৭৭%); প্রধানমন্ত্রীর কার্যালয় (৭৭%); বিজ্ঞান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় (৫৮%); সড়ক ও রেলপথ বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) (৫২%); পরিসংখ্যান বিভাগ (৪১%) এবং সেতু বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) (৭%)। প্রকল্প সাহায্য কম ব্যয় হওয়ার কারণসহ মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বিস্তারিত বিবরণ প্রতিবেদনের **সংযোজনী-'ঘ'**-তে দেয়া হলো ;

- তুলনামূলকভাবে কম বরাদ্দ প্রাপ্ত ৫টি মন্ত্রণালয়/বিভাগের মোট আর্থিক অগ্রগতি জাতীয় গড় অগ্রগতির উর্ধ্বে তা হলো - শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (১১৮%); বাংলাদেশ সরকারি কর্মকমিশন (১০০%); মন্ত্রিপরিষদ বিভাগ (১০০%); বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (১০০%); ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (৯৮%) এবং বাংলাদেশ নির্বাচন কমিশন (৯৬%);

- সবচেয়ে কম আর্থিক অগ্রগতি হয়েছে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় (১০%), এর পরে রয়েছে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (১৮%), জাতীয় সংসদ সচিবালয় (২৬%) সহ অন্যান্য কয়েকটি মন্ত্রণালয়/বিভাগ।

৮.২ মূল এডিপি এবং সংশোধিত এডিপি বরাদ্দের বিপরীতে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের আর্থিক অগ্রগতির একটি তুলনামূলক চিত্র সারণী-৭ -এ তুলে ধরা হলো ঃ

**সারণী-৭ ঃ ২০১০-১১ অর্থ বছরে মূল ও সংশোধিত এডিপি বরাদ্দের বিপরীতে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের বাস্তবায়ন অগ্রগতি**

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | সংঃ এডিপিতে প্রকল্প সংখ্যা (উপ-প্রকল্প) | ২০১০-১১ অর্থবছরের মোট এডিপি বরাদ্দ | | মোট আর্থিক অগ্রগতি | আর্থিক অগ্রগতির হার | | বাস্তব অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মূল | সংশোধিত | | মূল (মোট বরাদ্দের %) | সংশোধিত (মোট বরাদ্দের %) | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ০১। | স্থানীয় সরকার বিভাগ | ১৫৮ (৬) | ৮০১৩৩৭ | ৭৮৫৩৮০.১৬ | ৭৫৩৬১২.৭৫ | ৯৪% | ৯৬% | ৯০% |
| ০২। | বিদ্যুৎ বিভাগ | ৫৩ (২) | ৪৯১৬২২ | ৫৯৮১৮৮.০০ | ৫৯১২৮১.১৩ | ১২০% | ৯৯% | ৯৫% |
| ০৩। | সড়ক ও রেলপথ বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) | ২০২ (৮) | ৩৩৮৬১৩ | ৩৬৩৪৮৪.৮১ | ২৯৮১৫৬.১৮ | ৮৮% | ৮২% | ৭৮% |
| ০৪। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ১৪ | ৩০২১০০ | ৩০৫৬৬২.০০ | ২৯৭৮৯৮.০৮ | ৯৯% | ৯৭% | ৯০% |
| ০৫। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ২৩ (৩৭) | ৩৪৪৪৭০ | ২৭৩৭০৬.০০ | ২৫৩৯৫৯.৩৮ | ৭৪% | ৯৩% | ৮৬% |
| ০৬। | শিক্ষা মন্ত্রণালয় | ৮০ | ১৬২৪৬৯ | ১৭২৩৯৩.০০ | ১৬৩৬৬০.৩৯ | ১০১% | ৯৫% | ৯০% |
| ০৭। | পানি সম্পদ মন্ত্রণালয় | ৭১ | ১৩৬৫৭৩ | ১৪৪৪৪২.০০ | ১২৮২৬০.৪০ | ৯৪% | ৮৯% | ৯৮% |
| ০৮। | সেতু বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) | ২ | ১২৭৬০০ | ১১০৫৫৯.০০ | ৩৭৭১৩.১৪ | ৩০% | ৩৪% | ৩৪% |
| ০৯। | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | ৩৯ | ৮৭৭৮৩ | ১০৫৪৮৬.০০ | ৯৯০০২.২১ | ১১৩% | ৯৪% | ৯৮% |
| ১০। | কৃষি মন্ত্রণালয় | ৬৪ (২০) | ৯৬৭০৩ | ১০৪২১৮.১৪ | ১০২০৩৯.১০ | ১০৬% | ৯৮% | ৯৬% |
| | **মোট ঃ** | ৭০৬* (৭৩) | **২৮৮৯২৭০** | **২৯৬৩৫১৯.১১** | **২৭২৫৫৮২.৭৬** | **৯৪%** | **৯২%** | **৮৮%** |

*** মল প্রকল্প ৭০৬টি + উপ-প্রকল্প ৭৩টি এবং উন্নয়ন সহায়তার (থোক বরাদ্দ) ৫টি ক্ষেত্রসহ মোট ৭৮৪টি।**

এডিপি বাস্তবায়নের সার্বিক অগ্রগতি মূলতঃ সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত এ ১০টি মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন সাফল্যের ওপর নির্ভরশীল। সারণী-৭ এর তথ্য পর্যালোচনায় দেখা যায় যে,

- ১০টি মন্ত্রণালয়/বিভাগের বরাদ্দ মোট সংশোধিত এডিপি বরাদ্দের ৮৩%। উক্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের সার্বিক আর্থিক অগ্রগতি ৯২%, যা জাতীয় গড় আর্থিক অগ্রগতির (৯২%) সমান। এ ১০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৭টি মন্ত্রণালয়/বিভাগ সর্বোচ্চ (জাতীয় গড় আর্থিক অগ্রগতির সমান বা তদূর্ধ্ব) আর্থিক অগ্রগতি অর্জন করেছে;

- উল্লিখিত ১০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৩টি মন্ত্রণালয়/বিভাগ জাতীয় গড়ের নীচে আর্থিক অগ্রগতি অর্জন করেছে। এ তিনটি মন্ত্রণালয়/বিভাগ হলো — সড়ক ও রেলপথ বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) (৮২%); সেতু বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) (৩৪%); এবং পানি সম্পদ মন্ত্রণালয় (৮৯%);

- বরাদ্দ ব্যবহারে সক্ষম না হওয়ায় উলিখিত ১০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৩টি মন্ত্রণালয়/বিভাগের সংশোধিত এডিপিতে বরাদ্দ কমানো হয়েছে। অপরপক্ষে, ৭টি মন্ত্রণালয়/বিভাগের সংশোধিত এডিপিতে বরাদ্দ বাড়ানো হয়েছে।

- সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের সার্বিক গড় বাস্তব অগ্রগতির হার ৮৮%, যা এডিপির সার্বিক গড় বাস্তব অগ্রগতির হারের (৮৮%) সমান। এ ১০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৭টি মন্ত্রণালয়/বিভাগ সর্বোচ্চ (জাতীয় গড় বাস্তব অগ্রগতির সমান বা তদূর্ধ্ব) বাস্তব অগ্রগতি অর্জন করেছে।

৮.৩। ২০১০-১১ অর্থবছরে নিম্ন আর্থিক অগ্রগতি সম্পন্ন কয়েকটি মন্ত্রণালয়/বিভাগের অগ্রগতির হারের বিবরণের সাথে একই মন্ত্রণালয়/বিভাগের গত দু'বছরের অগ্রগতির হারের তুলনামলক চিত্র সারণী-৮ এ দেয়া হলো ঃ

**সারণী-৮ ঃ <u>২০১০-১১ অর্থবছরে কম অগ্রগতি সম্পন্ন ১০টি মন্ত্রণালয়/বিভাগের ৩ বছরের অগ্রগতির চিত্র</u>**

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | আর্থিক অগ্রগতির হার | | |
|---|---|---|---|---|
| | | ২০১০-১১ | ২০০৯-১০ | ২০০৮-০৯ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১। | পরিকল্পনা বিভাগ | ৬৯% | ৮৮% | ২৫% |
| ০২। | পরিসংখ্যান বিভাগ | ৬৭% | ৮৮% | -- |
| ০৩। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ৬৫% | ১০০% | ৬৯% |
| ০৪। | অর্থ বিভাগ | ৬৫% | ৭৯% | ৫৯% |
| ০৫। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ৫৪% | ৮৮% | ৫৬% |
| ০৬। | লেজিসলেটিভ এবং সংসদ বিষয়ক বিভাগ | ৪৮% | -- | -- |
| ০৭। | সেতু বিভাগ | ৩৪% | ৮০% | -- |
| ০৮। | সংসদ বিষয়ক সচিবালয় | ২৬% | ১৮% | ৩% |
| ০৯। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ১৮% | ৮২% | ৮২% |
| ১০। | বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | ৭৫% | ৯২% | ৯৩% |

সারণী-৮ পর্যালোচনায় দেখা যায় যে, এ ১০টি মন্ত্রণালয়/বিভাগ ২০১০-১১ অর্থবছরে সার্বিক আর্থিক অগ্রগতি ৯২% অর্জন করতে সক্ষম হয়নি। এগুলোর মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অগ্রগতি গত ২০০৯-১০ অর্থবছরের সার্বিক অগ্রগতির (৯১%) এর বেশী ছিল এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের অগ্রগতি গত ২০০৮-০৯ ও ২০০৯-১০ অর্থবছরের সার্বিক অগ্রগতির (যথাক্রমে ৮৬% ও ৯১%) চেয়ে বেশী ছিল। এ ২টি মন্ত্রণালয়/বিভাগ ছাড়া অবশিষ্ট ৮টি মন্ত্রণালয়/বিভাগের অগ্রগতি গত ২০০৮-০৯ ও ২০০৯-১০ অর্থবছরের সার্বিক অগ্রগতির (যথাক্রমে ৮৬% ও ৯১%) চেয়ে কম ছিল। অর্থাৎ বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, এ সব মন্ত্রণালয়/বিভাগের আর্থিক অগ্রগতি ক্রমাগত ৩ বছরেও সন্তোষজনক পর্যায়ে পৌছাতে পারেনি।

৯। **প্রকল্প ভিত্তিক সার্বিক এডিপি বাস্তবায়ন অগ্রগতি ঃ**

২০১০-১১ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বরাদ্দকৃত অর্থের তুলনায় অর্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতির চিত্র সারণী-৯ ও ১০ - এ তুলে ধরা হলো ঃ

**সারণী-৯ ঃ প্রকল্প ভিত্তিক আর্থিক অগ্রগতির বিভাজন**

(কোটি টাকায়)

| বার্ষিক লক্ষ্যমাত্রার তুলনায় অর্জিত আর্থিক অগ্রগতির (%) শ্রেণীবিভাগ | প্রকল্প সংখ্যা | মোট প্রকল্প সংখ্যার শতকরা হার | মোট সংশোধিত বরাদ্দ | মোট সংশোধিত বরাদ্দের % | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১০০% ও তদূর্ধ্ব | ৫৬৩ | ৪৪% | ১৭৮৫০.৭২ | ৫০% | প্রশংসনীয় |
| ৯০-৯৯% | ৩৪৮ | ২৭% | ১১১৫৬.৮৩ | ৩১% | সন্তোষজনক |
| ৭৬-৮৯% | ১১৮ | ৯% | ২১০৯.৩৭ | ৬% | মোটামুটি সন্তোষজনক |
| ৫১-৭৫% | ৯৯ | ৮% | ২২৮৪.৭২ | ৬% | সন্তোষজনক নয় |
| ২৬-৫০% | ৫২ | ৪% | ১৪৭৫.৫৯ | ৪% | |
| ১-২৫% | ৪৯ | ৪% | ৬২৮.০৯ | ২% | হতাশাব্যঞ্জক |
| ০ | ৬৩ | ৫% | ৩৭৪.৬৯ | ১% | |
| মোট ঃ | ১২৯২* | ১০০% | ৩৫৮৮০.০০ | ১০০% | |

* মল প্রকল্প ১১৯৩টি + উপ-প্রকল্প ৮৯টি এবং উন্নয়ন সহায়তার (থোক বরাদ্দ) ১০টি ক্ষেত্রসহ মোট ১২৯২টি।

**সারণী-১০ ঃ প্রকল্প ভিত্তিক বাস্তব অগ্রগতির বিভাজন**

(কোটি টাকায়)

| বার্ষিক লক্ষ্যমাত্রার তুলনায় অর্জিত বাস্তব অগ্রগতির (%) শ্রেণীবিভাগ | প্রকল্প সংখ্যা | মোট প্রকল্প সংখ্যার শতকরা হার | মোট সংশোধিত বরাদ্দ | মোট সংশোধিত বরাদ্দের % | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১০০% ও তদূর্ধ্ব | ৬৩৫ | ৪৯% | ২০৬৬৯.১২ | ৫৮% | প্রশংসনীয় |
| ৯০-৯৯% | ২৩৬ | ১৮% | ৪৭২০.৭১ | ১৩% | সন্তোষজনক |
| ৭৬-৮৯% | ১৪৪ | ১১% | ৪৭২৭.৭৯ | ১৩% | মোটামুটি সন্তোষজনক |
| ৫১-৭৫% | ৯০ | ৭% | ১৯৩৫.৬৩ | ৬% | সন্তোষজনক নয় |
| ২৬-৫০% | ৬৪ | ৫% | ২৫৫৫.৮০ | ৭% | |
| ২৫%-তদ্‌নিম্ন | ৩৫ | ৩% | ৭৯৭.০০ | ২% | হতাশাব্যঞ্জক |
| ০ | ৮৮ | ৭% | ৪৭৩.৯৫ | ১% | |
| মোট ঃ | ১২৯২* | ১০০% | ৩৫৮৮০.০০ | ১০০% | |

*** মল প্রকল্প ১১৯৩টি + উপ-প্রকল্প ৮৯টি এবং উন্নয়ন সহায়তার (থোক বরাদ্দ) ১০টি ক্ষেত্রসহ মোট ১২৯২টি।**

সারণী-৯ ও ১০ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- আলোচ্য অর্থবছরে ৫২টি মন্ত্রণালয়/বিভাগের আওতায় বাস্তবায়নাধীন ১২৯২টি প্রকল্পের মধ্যে ৫৬৩টি প্রকল্পের (মোট প্রকল্পের ৪৪%) আর্থিক এবং ৬৩৫টি প্রকল্পের (মোট প্রকল্পের ৪৯%) বাস্তব অগ্রগতি প্রশংসনীয় (১০০% বা তদূর্ধ্ব );
- ৩৪৮টি প্রকল্পের (মোট প্রকল্পের ২৭%) আর্থিক এবং ২৩৬টি প্রকল্পের (মোট প্রকল্পের ১৮%) বাস্তব অগ্রগতি সন্তোষজনক;

- ১১৮টি প্রকল্পের (মোট প্রকল্পের ৯%) আর্থিক এবং ১৪৪টি প্রকল্পের (মোট প্রকল্পের ১১%) বাস্তব অগ্রগতি মোটামুটি সন্তোষজনক;
- ৯৯টি প্রকল্পের (মোট প্রকল্পের ৮%) আর্থিক এবং ৯০টি প্রকল্পের (মোট প্রকল্পের ৭%) বাস্তব অগ্রগতি সন্তোষজনক নয়;
- ৫২টি প্রকল্পে (মোট প্রকল্পের ৪%) সারা বছরে তেমন কোন ব্যয় এবং ৬৪টি প্রকল্পে (মোট প্রকল্পের ৫%) সারা বছরে তেমন কোন কাজ হয়নি এবং
- ২০১০-১১ অর্থবছরে শূন্য আর্থিক অগ্রগতি সম্পন্ন ৬৩টি এবং শূন্য বাস্তব অগ্রগতি সম্পন্ন ৮৮টি প্রকল্পের মধ্যে সংশোধিত এডিপি বরাদ্দ উপযোজন করে ৪টি প্রকল্পের বরাদ্দ প্রত্যাহার করা হয়েছে এবং বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাতে ২৫.১৭ কোটি টাকা অবরাদ্দকৃত রয়েছে। এতে প্রকৃতপক্ষে মোট শূন্য আর্থিক অগ্রগতি সম্পন্ন প্রকল্প সংখ্যা ৫৮টি এবং শূন্য বাস্তব অগ্রগতি সম্পন্ন প্রকল্প সংখ্যা **৮৩টি** । বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাতের অববরাদ্দকৃত ২৫.১৭ কোটি টাকাসহ শূন্য আর্থিক অগ্রগতি সম্পন্ন ৫৮টি প্রকল্পের সংশোধিত এডিপিতে প্রদত্ত মোট বরাদ্দ ৩৭৪.৬৯ কোটি টাকা (স্থানীয় মুদ্রা ৯৩.৭৭ কোটি টাকা) অব্যয়িত থেকে যায় (শূন্য আর্থিক অগ্রগতি সম্পন্ন এ **৬৩টি প্রকল্পের তালিকা সংযোজনী-'চ' তে** এবং শূন্য বাস্তব অগ্রগতি সম্পন্ন **৮৮টি প্রকল্পের তালিকা সংযোজনী-'ছ'** তে দেয়া হলো)। মন্ত্রণালয়/বিভাগ-ওয়ারী প্রকল্প ভিত্তিক বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের বিস্তারিত বিবরণ প্রতিবেদনের **সংযোজনী-'ঙ'-তে** দেয়া হয়েছে।

## ১০। <u>এডিপিভুক্ত প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি</u> ঃ

২০১০-১১ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের সর্বমোট প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি নীচের সারণী-১১ এ দেখানো হলো ঃ

**সারণী-১১ঃ <u>প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির বিভাজন</u>**

| প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের শতকরা হার | প্রকল্প সংখ্যা | | |
|---|---|---|---|
| | মোট (মোট প্রকল্প সংখ্যার %) | সমাপ্ত ঘোষিত | বাস্তবায়নাধীন/মেয়াদ বৃদ্ধিকৃত |
| (১) | (২) | (৩) | (৪) |
| ১০০% ও তদূর্ধ্ব | ৮৬ (৭%) | ৫৫ | ৩১ |
| ৯০-৯৯% | ১৩৬ (১১%) | ৮৮ | ৪৮ |
| ৭৬-৮৯% | ১৪৩ (১১%) | ৪৮ | ৯৫ |
| ৫১-৭৫% | ২১৬ (১৭%) | ৪৬ | ১৭০ |
| ২৬-৫০% | ২২৬ (১৭%) | ১৪ | ২১২ |
| ১%-২৫% | ৪৩৪ (৩৪%) | ৬ | ৪২৮ |
| ০ | ৫১ (৪%) | ০ | ৫১ |
| মোট ঃ | ১২৯২* (১০০%) | ২৫৭ | ১০৩৫ |

* **মূল প্রকল্প ১১৯৩টি + উপ-প্রকল্প ৮৯টি এবং উন্নয়ন সহায়তার (থোক বরাদ্দ) ১০টি ক্ষেত্রসহ মোট ১২৯২টি।**

সারণী-১১ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- ৮৬টি প্রকল্পের (মোট প্রকল্পের ৭%) প্রাক্কলিত ব্যয়ের সম্পূর্ণ অংশ বা তদূর্ধ্ব ব্যয় হয়েছে;

- ১০০% বা তদূর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন ৮৮টি প্রকল্পের মধ্যে ২০১০-১১ অর্থবছরে মাত্র ৫৫টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট **৩১**টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- ৯০-৯৯% আর্থিক অগ্রগতি সম্পন্ন **১৩৬**টি প্রকল্পের মধ্যে ২০১০-১১ অর্থবছরে মাত্র ৮৮টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট ৪৮টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- ৭৬-৮৯% আর্থিক অগ্রগতি সম্পন্ন **১৪৩**টি প্রকল্পের মধ্যে ২০১০-১১ অর্থবছরে মাত্র ৪৮টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট ৯৫টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- ৫১-৭৫% আর্থিক অগ্রগতি সম্পন্ন **২১৬**টি প্রকল্পের মধ্যে ২০১০-১১ অর্থবছরে মাত্র ৪৬টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট **১৭০**টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ৫০% পর্যন্ত ব্যয় করে **১৪**টি প্রকল্পকে সমাপ্ত ঘোষণা করা হয়েছে;
- মোট প্রকল্পের ৪% অর্থাৎ ৫১টি প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি শূন্য।

## ১১। সমাপ্ত প্রকল্প ঃ

### ১১.১ সমাপ্ত ঘোষিত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ঃ

২০১০-১১ অর্থবছরে মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত বাস্বায়ন অগ্রগতির তথ্য পর্যালোচনা করলে দেখা যায় যে, মল এডিপিভুক্ত ৯১৬টি প্রকল্পের মধ্যে ২৬৮টি প্রকল্প (মোট প্রকল্পের ২৯%) জুন ২০১১ এর মধ্যে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। এ প্রকল্পগুলির মধ্যে **২১৭টি** প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়েছে। অবশিষ্ট **৫১টি** প্রকল্পকে সমাপ্ত ঘোষণা না করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। অপরদিকে, আলোচ্য বছরে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল না, এমন ৪০**টি** প্রকল্পকে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সমাপ্ত ঘোষণা করা হয়েছে। এতে মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা দাঁড়ায় ২৫৭টি। কিছু কাজ অসমাপ্ত থাকা সত্ত্বেও ২০২টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়েছে। এ সংক্রান্ত তথ্য নিম্নের সারণী-১২ এ তুলে ধরা হলো, যার বিস্রিত বিবরণ **সংযোজনী-'জ'** তে দেখা যেতে পারে।

সারণী-১২ ঃ **২০১০-১১ অর্থবছরে সমাপ্ত প্রকল্প সংক্রান্ত চিত্র**

| সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প সংখ্যা | নির্ধারিত ২৬৮টি'র মধ্যে জুন '১১ পর্যন্ত সমাপ্ত প্রকল্প সংখ্যা | লক্ষ্যমাত্রা বহির্ভূত সমাপ্ত প্রকল্প সংখ্যা | মোট সমাপ্ত প্রকল্প সংখ্যা | ১০০% কাজ সম্পন্ন হয়েছে এমন প্রকল্প সংখ্যা | কিছু কাজ অসমাপ্ত থাকা সত্ত্বেও সমাপ্ত ঘোষিত প্রকল্প সংখ্যা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২৬৮ | ২১৭ | ৪০ | ২৫৭ | ৫৫ | ২০২ |

সারণী-১২ হতে দেখা যায় যে, বাস্তবায়নকারী সংস্থা তথা মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প সমাপ্তির যে প্রক্ষেপণ করা হয় তা অধিকাংশ ক্ষেত্রে অর্জিত হয় না। তাছাড়া, অধিকাংশ ক্ষেত্রে বেশ কিছু কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়। এতে প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যাবলী সম্পূর্ণভাবে অর্জিত হয় না।

**১১.২ সমাপ্ত প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় বিশেষণ ঃ**

২০১০-১১ অর্থবছরে সমাপ্ত ২৫৭টি প্রকল্পের মূল ও প্রকৃত বাস্তবায়নকাল এবং অনুমোদিত ও প্রকৃত ব্যয়ের চিত্র সারণী-১৩ এ উপস্থাপন করা হলো ঃ

**সারণী-১৩ ঃ ২০১০-১১ অর্থবছরে সমাপ্ত প্রকল্পসমূহের বাস্তবায়নকাল এবং ব্যয়ের চিত্র**

(কোটি টাকায়)

| ২০১০-১১ অর্থ বছরে সমাপ্ত প্রকল্প সংখ্যা | নির্ধারিত সময় ও ব্যয়ে সমাপ্ত প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %) | শুধু প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে এমন প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %) | শুধু বাস্বায়ন-কালের অতিক্রান্তি ঘটেছে এমন প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %) | ব্যয় ও বাস্বায়নকাল উভয়ই বৃদ্ধি পেয়েছে এমন প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %) | সমাপ্ত প্রকল্পের গড় বাস্বায়ন কাল বৃদ্ধি | সমাপ্ত প্রকল্পের গড় ব্যয় বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বছর (বৃদ্ধির %) | ব্যয় (বৃদ্ধির %) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ২৫৭ | ৭৬ (৩০%) | ১৬ (৬%) | ১০০ (৩৯%) | ৬৫ (২৫%) | ২.৭২ (৭৮%) | ৩৩.৬৬ (২৯%) |

সারণী-১৩ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- ২৫৭টি প্রকল্পের মধ্যে বাস্তবায়নকাল বৃদ্ধি পেয়েছে, এমন প্রকল্পের মোট সংখ্যা ১৬৫টি এবং ব্যয় বৃদ্ধি পেয়েছে, এমন প্রকল্পের মোট সংখ্যা ৮১টি;
- সমাপ্ত প্রকল্পের মূল পরিকল্পিত গড় বাস্বায়নকাল ছিল ৩.৪৮ বছর। এর বিপরীতে প্রকৃত গড় বাস্তবায়নকাল দাঁড়িয়েছে ৬.১৯ বছর। অর্থাৎ প্রত্যেক প্রকল্পের গড় প্রকৃত বাস্তবায়নকাল গড় পরিকল্পিত বাস্তবায়নকাল থেকে ২.৭২ বছর (৭৮%) বৃদ্ধি পেয়েছে ;
- সমাপ্ত প্রকল্পের মূল গড় প্রাক্কলিত ব্যয় ছিল ১১৫.৬৪ কোটি টাকা। এর বিপরীতে গড় প্রকৃত ব্যয় হয়েছে ১৪৯.৩০ কোটি টাকা। অর্থাৎ প্রত্যেক প্রকল্পের গড় প্রকৃত ব্যয় গড় পরিকল্পিত ব্যয় থেকে ৩৩.৬৬ কোটি টাকা (২৯%) বৃদ্ধি পেয়েছে।

১২। **প্রকল্প অনুমোদন পর্যায় ঃ**

২০১০-১১ অর্থবছরসহ গত পাঁচ বছরের এডিপিভুক্ত অননুমোদিত প্রকল্পের অনুমোদন অগ্রগতির একটি তুলনামূলক চিত্র সারণী-১৪ তে দেয়া হলো ঃ

**সারণী-১৪ ঃ ২০১০-১১ অর্থবছরসহ গত চার বছরের প্রকল্পের অনুমোদন পর্যায়**

| অর্থ বছর | সংশোধিত এডিপি'তে অন্তর্ভুক্ত প্রকল্প সংখ্যা | এডিপিতে অন্তর্ভুক্তির সময় অননুমোদিত প্রকল্প সংখ্যা (মোট প্রকল্প সংখ্যার %) | বছর ভিত্তিক অনুমোদিত হয়েছে এমন প্রকল্প সংখ্যা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২০১০-১১ | ১১৯৩ | ৮০০ | ২৩৬ |
| ২০০৯-১০ | ১০৯০ | ৪৬৩ | ২২৪ |
| ২০০৮-০৯ | ১০৪০ | ১৪৪ | ২০০ |
| ২০০৭-০৮ | ১০৫৮ | ১১৩ | ১৭২ |

সারণী-১৪ হতে দেখা যায় যে, ২০১০-১১ অর্থবছরে ৮০০টি অননুমোদিত প্রকল্পের বিপরীতে ২৩৬টি প্রকল্প অনুমোদিত হয়েছে, যা বিগত অর্থবছর থেকে ১২টি বেশী।

**১৩। 2010-11 অর্থবছরের সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত ৫২টি মন্ত্রণালয়/বিভাগের ক্রয় কার্যক্রমের চিত্র ঃ**

২০১০-১১ অর্থবছরে ৫২টি মন্ত্রণালয়/বিভাগের ক্রয়-কার্যক্রমে মোট বরাদ্দ ১৯৭৬৭.০৩ কোটি টাকা, যার আওতায় বাৎসরিক ক্রয় পরিকল্পনাতে ২৩২৪১টি প্যাকেজ অন্তর্ভুক্ত ছিল। এর মধ্যে জুন ২০১১ পর্যন্ত ২২২৭০টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে (যা মোট প্যাকেজের ৯৬%)। কার্যাদেশ প্রদানকৃত প্যাকেজগুলোর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১৯৪৯৬.১৫ কোটি টাকা (যা মোট ক্রয়-কার্যক্রম বরাদ্দের ৯৯%)। উল্লেখ্য, ৫২টি মন্ত্রণালয়/বিভাগের সার্বিক আর্থিক অগ্রগতি ৯২% এর তুলনায় মন্ত্রণালয়/বিভাগগুলোর ক্রয়-কার্যক্রমের আওতায় অগ্রগতি সাধিত হয়েছে ৯৯%। **ক্রয়-কার্যক্রমের বিস্তারিত বিবরণ সংযোজনী-'ঝ'-তে** দেয়া হলো।

**১৪। বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় চিহ্নিত সমস্যা ও সুপারিশ ঃ**

উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণের দীর্ঘদিনের অভিজ্ঞতা থেকে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রতা, সময় ও ব্যয় অতিক্রান্তিসহ বিভিন্ন সমস্যা চিহ্নিত করেছে। ২০১০-১১ অর্থবছরে এডিপি বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক কতিপয় গুরুত্বপূর্ণ চিহ্নিত সমস্যা সমাধানের সুপারিশসহ নিম্নে উপস্থাপন করা হলো ঃ

| ক্রমিক নং | সমস্যা | সুপারিশ |
|---|---|---|
| ১। | **যথাসময়ে বাস্তবসম্মত ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনা প্রণয়ন ও অনুসরণ না করা ঃ** দরপত্র আহবান, Contract Award ইত্যাদি কাজে বিলম্ব হওয়া ; | - মানসম্মতভাবে প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য যথাসময়ে বাস্তবসম্মত ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনা প্রণয়ন ও অনুসরণ করা প্রয়োজন। প্রকল্পের বাস্তবায়ন গতি বৃদ্ধিসহ যথাসময়ে অর্থ ব্যয় নিশ্চিত করার জন্য দরপত্র আহবান, Contract Award ইত্যাদি কাজে অযথা বিলম্ব বা দীর্ঘসূত্রতা পরিহার করা আবশ্যক। |
| ২। | **এডিপিতে প্রয়োজনীয় অর্থ প্রাপ্তির অভাব ঃ** বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ মধ্য মেয়াদী বাজেট কাঠামোর আওতায় প্রাপ্ত অর্থ বরাদ্দের তুলনায় অধিক প্রকল্প গ্রহণ করায় প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়। এতে সময় ও ব্যয় অতিক্রান্তি (time & cost overrun) ঘটে এবং সময়মতো সুফল প্রাপ্তিতে বিঘ্ন ঘটে। বিশেষতঃ পিএ অংশের প্রতিশ্রুত অর্থ ছাড়ে বিলম্ব হওয়ায় যথাসময়ে প্রকল্প সাহায্য ব্যয় করা সম্ভব হয় না ; | - অগ্রাধিকার ভিত্তিতে মধ্য মেয়াদী বাজেট কাঠামোর আওতায় প্রাপ্ত বরাদ্দের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে প্রকল্প সংখ্যা যৌক্তিক পর্যায়ে রেখে প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী অর্থবছর ভিত্তিক প্রয়োজনীয় বরাদ্দ প্রদান নিশ্চিত করা যেতে পারে।<br>- পিএ অংশের প্রতিশ্রুত পরিমাণ অর্থের ছাড় ও ব্যবহার নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা উন্নয়নসহ সমন্বয় কার্যক্রম জোরদার করা যেতে পারে। |

| ক্রমিক নং | সমস্যা | সুপারিশ |
|---|---|---|
| ৩। | **প্রকল্পের ভুমির দুস্প্রাপ্যতা ও অধিগ্রহণে জটিলতা ঃ** নির্মাণধর্মী অনেক প্রকল্পের ক্ষেত্রে (রাস্তা, বাঁধ, ভবন ইত্যাদি) জমি অধিগ্রহণ কালে মামলা/ক্ষতিপুরণ/ অযাচিত হস্তক্ষেপ/জবর দখল ইত্যাদি কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয় ; | - ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া সহজতর এবং দ্রুততর করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। সীমিত কৃষি জমি ব্যবহারে ক্ষেত্রে আরো যত্নবান হওয়ার প্রয়োজন আছে। কৃষি জমি রক্ষার স্বার্থে ইতঃপূর্বে যে সকল সংস্থা অতিরিক্ত ভূমি অধিগ্রহণ করেছে, নতুন প্রকল্পের জন্য ঐ সকল জমি সমন্বয় করা যেতে পারে। |
| ৪। | **ভৌত কাজের ডিজাইন পরিবর্তন, রেট সিডিউল পরিবর্তন ইত্যাদি কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ঃ** প্রকল্প প্রণয়নের পূর্বে যথাযথভাবে যাচাই-বাছাই/সমীক্ষা না করে প্রকল্পের ডিজাইন ও প্রাক্কলন তৈরির কারণে প্রকল্প প্রস্তাব ত্রুটিপূর্ণ থাকে বিধায় প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়। হালনাগাদকৃত রেট সিডিউল ব্যবহার না করার কারণেও প্রকল্পের ব্যয় প্রাক্কলন ত্রুটিপূর্ণ থাকে; | - প্রকল্প প্রণয়নের পূর্বে ডিজাইন পর্যায়ে যথাযথভাবে যাচাই-বাছাই/সমীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) করা ও হালনাগাদকৃত রেট সিডিউল অনুসরণ করে ব্যয় প্রাক্কলন করার ব্যাপারে তৎপর হওয়া প্রয়োজন। |
| ৫। | প্রকল্প পরিচালক নিয়োগ ও বদলীর ক্ষেত্রে প্রচলিত বিধি-বিধান অনুসরণ না করা, যোগ্যতা যাচাই ব্যতিরেকে প্রকল্প পরিচালক নিয়োগ এবং ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী ; | - প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে বিধান অনুযায়ী ৫০ কোটি টাকা অধিক ব্যয় সম্পন্ন প্রকল্পের ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ নিশ্চিত করতে হবে এবং একই ব্যক্তিকে একাধিক প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান যথাসম্ভব নিরুৎসাহিত করতে হবে। |
| ৬। | সংশ্লিষ্ট মন্ণালয়/বিভাগ ও সংস্থা কর্তৃক যথাযথ পরিবীক্ষণের অভাবে প্রকল্প বাস্বায়ন বিলম্বিত হয়; | - মন্ণালয়/বিভাগ ও সংস্থা পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে। বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের প্রকল্প পরিবীক্ষণ কাজে সম্পৃক্ত করার আদেশ দেয়া যেতে পারে। |
| ৭। | প্রকল্প বাস্বায়নকালীন এবং বাস্বায়নোত্তর আইএমইডি'র মনিটরিং/মূল্যায়ন প্রতিবেদনের সুপারিশ বাস্বায়নে গুরুত্ব প্রদান না করা; | - আইএমইডি'র মনিটরিং/মূল্যায়ন প্রতিবেদনের সুপারিশ প্রতিপালনের আদেশ জারি করা যেতে পারে। |
| ৮। | **বিলম্বে অর্থ ছাড় ঃ** বর্তমানে, অর্থবছরের শুরুতে ৩ কিস্তি অর্থ ছাড়ের সুযোগ থাকলেও তা যথাযথভাবে অনুসরণ না করায় অর্থ ছাড়ে বিলম্ব ও দীর্ঘসূত্রতা পরিলক্ষিত হয়। ফলে, প্রাপ্ত অর্থের সদ্ব্যবহার সম্ভব হয় না; | - প্রকল্প পরিচালকগণের একাউন্টে সম্পূর্ণ অর্থ ছাড় করে দেয়া যায়, যাতে অর্থের সর্বোচ্চ ব্যবহারপূর্বক দক্ষতার সাথে প্রকল্পের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্ভব হয়। |
| ৯। | **সময় মত পিসিআর প্রণয়নে দক্ষতার অভাব ঃ** অনেক ক্ষেত্রে প্রকল্পের পিসিআর পাওয়া যায় না, পাওয়া গেলেও তাতে তথ্যের ঘাটতি থাকে; | - মুল্যায়নের সুবিধার্থে প্রকল্প সমাপ্তির সাথে সাথে যথাযথভাবে পিসিআর প্রণয়ণপূর্বক আইএমইডিতে তথ্য প্রদানের নির্দেশ দেয়া যেতে পারে। |
| ১০। | **সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প অসমাপ্ত থাকা ঃ** সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প যথাসময়ে সমাপ্ত না হওয়ার প্রবণতা লক্ষ্য করা যায়। সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের প্রয়োজনীয় বরাদ্দ না পাওয়ায় প্রকল্প সমাপ্ত হয় না অথবা কাজ অসম্পূর্ণ রেখে সমাপ্ত ঘোষণা করা হয়; | - সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের বিপরীতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চিত করা যেতে পারে। |

| ক্রমিক নং | সমস্যা | সুপারিশ |
|---|---|---|
| ১১। | **পরিকল্পনা উইং এর দুর্বলতা ঃ** কিছু কিছু মন্ত্রণালয়/ বিভাগে পরিকল্পনা উইং নেই অথবা থাকলেও তাতে জনবল ও লজিষ্টিক সুবিধা প্রয়োজন অনুপাতে অপর্যাপ্ত। ফলে, মানসম্পন্ন প্রকল্প দলিল প্রণয়ন ও সময়মত প্রক্রিয়াকরণ/সংশোধন সম্ভব হয় না। তাছাড়া, মন্ত্রণালয়/বিভাগের পক্ষে মাঠ পর্যায়ে প্রকল্প মনিটরিং করাও সম্ভব হয়না। | - যে সকল মন্ত্রণালয়/বিভাগগুলোতে পরিকল্পনা উইং নেই সেখানে অবিলম্বে উইং স্থাপনের উদ্যোগ এবং যেসব মন্ত্রণালয়ে পরিকল্পনা উইং আছে অথচ প্রয়োজনীয় সংখ্যক জনবল নেই, সেসব উইংসমুহে জনবল পদায়নের মাধ্যমে শক্তিশালী করা যেতে পারে। বৃহৎ মন্ত্রণালয়/বিভাগে পরিকল্পনা উইং-এ উর্ধ্বতন পদ সৃষ্টিপূর্বক প্রকল্প পরিকল্পনা ও মনিটরিং ব্যবস্থাকে জোরদার করা যেতে পারে। |

**উপসংহার ঃ**

বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাঙ্খিত সাফল্য নির্ভর করে সঠিকভাবে প্রকল্প নির্বাচন, প্রণয়ন, সময়োচিত ও যথাযথ প্রক্রিয়াকরণ, সময়মত বাস্তবায়ন এবং নিবিড় পরিবীক্ষণের ওপর। ২০১০-১১ অর্থবছরের এডিপি বাস্তবায়নের হার ৯২%, পূর্ববর্তী বছরের চেয়ে ১% বেশী যা উৎসাহব্যঞ্জক হলেও সন্তোষজনক নয়। ‘এনইসি’/‘একনেক’/ কেবিনেটসহ বিভিন্ন উচ্চ পর্যায়ের দিক-নির্দেশনার আলোকে ব্যাপক কর্মসংস্থান ও মানব সম্পদের উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টা একান্ত আবশ্যক।

তারিখ ঃ **১৮ মাঘ ১৪১৮**
**৩১ জানুয়ারি ২০১২**

স্বা/-
**(মোঃ মোজাম্মেল হক খান)**
**সচিব**